দৈনিক বাংলা

তারিখ 24 JUN 1986
পৃষ্ঠা 1 কলাম 3

066

### শেরপুরে সংঘর্ষ ও গুলি : ১০ জন আহত

# ঢাকা ও টাঙ্গাইলে ৭৩ জন পরীক্ষার্থী বহিষ্কৃত

(স্টাফ রিপোর্টার)

এইচএসসির ইংরেজী দ্বিতীয় পত্র পরীক্ষায় সোমবার অসদুপায় অবলম্বনের জন্য ঢাকা মহানগরীতে ২০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

গতকাল রাজধানীর জগন্নাথ কলেজ কেন্দ্র থেকে সাতজন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। অন্যান্য কেন্দ্র ও বহিষ্কৃত পরীক্ষার্থীর সংখ্যা হলো : তেজগাঁও কলেজ-৫, হাবীবুল্লাহ বাহার কলেজ-৫, সিটি কলেজ-২ এবং বাংলা কলেজ-১।

সোমবার এইচএসসি ইংরাজী দ্বিতীয়পত্রের পরীক্ষার দিন শেরপুরের শহীদদী কলেজ কেন্দ্রে নকল সরবরাহকারীদের সঙ্গে কর্তব্যরত আনসারদের সংঘর্ষ হয়। এক পর্যায়ে আনসাররা গুলি করে। সংঘর্ষ ও গুলিতে ১০ জন আহত হয়।

টাঙ্গাইলের সাতটি পরীক্ষা কেন্দ্র থেকে নকল করার দায়ে বহিষ্কার করা হয় ৫৩ জন পরীক্ষার্থীকে।

জামালপুর থেকে আমাদের সংবাদদাতা জানান, শেরপুরের শহীদদী কলেজ কেন্দ্রে এইচএসসি পরীক্ষার সময় নকল সরবরাহকারীরা কর্তব্যরত আনসারদের ওপর হামলা চালালে আত্মরক্ষায় আনসাররা গুলি ছোঁড়ে। এই ঘটনায় দু'জন আনসার ও দু'জন মহিলাসহ দশ জন আহত হয়। শেরপুরের পুলিশ সুপার ঘটনাস্থল পরিদর্শন করে সাংবাদিকদের এ কথা জানান।

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## পরীক্ষার্থী বহিষ্কৃত

(১-এর পৃঃ পর)

আহতদের মধ্যে চারজনের অবস্থা আশংকাজনক। এদের ময়মনসিংহ মেডিকাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। আহত আনসার দু'জনকে শেরপুর হাসপাতালে ভর্তি করা হয়েছে। এরা হলেন আকালে মতিন ও সোহরাওয়ার্দী।

এ ঘটনা ঘটলেও এই কেন্দ্রে শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়। এখন পরিস্থিতি শান্ত রয়েছে। এ ঘটনার ব্যাপারে স্থানীয় থানায় একটি মামলা দায়ের হয়েছে। শেরপুরের জেলা প্রশাসক ঘটনার তদন্ত করছেন।

পুলিশ সুপার জানান আনসাররা নকল সরবরাহে বাধা দিলে একদল নকল সরবরাহকারী দু'জন আনসার কম্যান্ডারকে ঘেরাও করে বেদম প্রহার করে। তখন আত্মরক্ষার জন্য আনসাররা দু' রাউন্ড গুলি বর্ষণ করে।

আহত দু'জন মহিলাসহ চারজন পরীক্ষা কেন্দ্রের পাশে ইট ভাঙ্গছিল।

**টাঙ্গাইল**

টাঙ্গাইল থেকে আমাদের সংবাদদাতা জানান, এইচএসসি পরীক্ষায় টাঙ্গাইলের সাতটি পরীক্ষা কেন্দ্র থেকে নকল করার অপরাধে সোমবার ৭ জন ছাত্রীসহ মোট ৫৩ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে কেবলমাত্র ভুয়াপুর পরীক্ষা কেন্দ্র থেকেই ৫ জন ছাত্রীসহ ২৬ জনকে বহিষ্কার করা হয়েছে।

এছাড়া মধুপুর কলেজ কেন্দ্র থেকে ৭ জনকে ধনবাড়ি কলেজ কেন্দ্র থেকে ৮ জনকে, কালিহাতি কলেজ কেন্দ্র থেকে ৭ জনকে, মীর্জাপুর কলেজ কেন্দ্র থেকে ৩ জনকে, সন্তোষ ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে ১ জন ও আউলিয়াবাদ কেন্দ্র থেকে ১ জনকে বহিষ্কার করা হয়েছে।

এ নিয়ে টাঙ্গাইলে এইচএসসি পরীক্ষায় গত তিনদিনে ৯৯ জনকে বহিষ্কার করা হলো।

**সাতক্ষীরা**

সাতক্ষীরা থেকে আমাদের সংবাদদাতা জানান, এইচএসসি পরীক্ষার তিনদিনে এখানের আটটি কেন্দ্র থেকে নকল করার দায়ে ২৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

এছাড়া ফরিদপুরের সারদা সুন্দরী কলেজ থেকে ৫, রাজেন্দ্র কলেজ থেকে ৫, সিঙ্গাইর কলেজ থেকে ৫ এবং দেবেন্দ্র কলেজ থেকে একজনকে বহিষ্কার করা হয়েছে।

**দিনাজপুরে ফাঁকা গুলি**

দিনাজপুর থেকে বাসস খবরে প্রকাশ, জেলা সদর থেকে প্রায় ২২ মাইল দূরে খানসামা উপজেলার পাকেরহাট পরীক্ষা কেন্দ্রে আজ উন্মত্ত জনতাকে ছত্রভঙ্গ করার জন্য পুলিশ পাঁচ রাউন্ড ফাঁকা গুলি বর্ষণ করে।

সরকারী সূত্রে জানা যায়, পাকেরহাট কলেজ কেন্দ্রে এইচএসসি পরীক্ষায় পাঁচজন পরীক্ষার্থী আজ ইংরাজী দ্বিতীয় পত্রের পরীক্ষার সময়ে টোকাটুকির দায়ে বহিষ্কৃত হয়।

পরীক্ষার পর কিছু ছাত্র ও জনতা বহিষ্কারের জন্য কর্মকর্তা ও পরীক্ষা পরিদর্শকদের ঘেরাও করে তাদের দিকে ইটপাটকেল নিক্ষেপ শুরু করে। এতে একজন পুলিশ কর্মকর্তাসহ পাঁচজন আহত হন।

সেই সূত্রে জানা যায়, উপজেলা ম্যাজিস্ট্রেট জনতাকে ছত্রভঙ্গ করতে গুলি বর্ষণের নির্দেশ দেন। এতে কেউ আহত হননি। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা হয়েছে।